দৈনিক
ইত্তেফাক

তারিখ ...... পৃষ্ঠা ...... কলাম ......

তারিখ 12 MAY 2015 পৃষ্ঠা ... কলাম ...

# রাজশাহী বোর্ডের চেয়ারম্যানের অপসারণ দাবি

■ রাজশাহী অফিস

রাজশাহী শিক্ষাবোর্ডের চেয়ারম্যানকে অপসারণের দাবিতে ২০ দিনের আন্দোলন কর্মসূচি ঘোষণা করেছে সরকার সমর্থক জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্ট। সোমবার লক্ষীপুর মোড়ে অনুষ্ঠিত ফ্রন্টের সমাবেশে সংগঠনের আহবায়ক অধ্যক্ষ শফিকুর রহমান বাদশা এই কর্মসূচি ঘোষণা করেন। কর্মসূচির মধ্য রয়েছে আগামী ১৬ থেকে ২৫ মে পর্যন্ত বিভিন্ন থানা পর্যায়ে শিক্ষক সমাবেশ ও গণস্বাক্ষর সংগ্রহ, ২৭ মে সকল শিক্ষক-কর্মচারীদের কালোব্যাচ ধারণ এবং ৪ জুন সকাল সাড়ে ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত রাজশাহী শিক্ষা বোর্ডের সামনে শিক্ষক-কর্মচারীদের প্রতীক অনশন।

সম্প্রতি শিক্ষাবোর্ডের চেয়ারম্যানকে অপসারণের দাবিতে সরকার সমর্থক জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট নগরীতে মানববন্ধন, সংবাদ সম্মেলন, শিক্ষামন্ত্রী, রাজশাহী জেলার সকল সাংসদকে স্মারকলিপি দিয়েছে।